



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর



চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা  
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০  
[www.dgfood.gov.bd](http://www.dgfood.gov.bd)

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৫.১৯.৭১১

তারিখ: ২৩ আষাঢ় ১৪২৭

০৭ জুলাই ২০২০

বিষয়: রংপুর বিভাগে সংগ্রহের স্বার্থে খালি জায়গা সৃষ্টির লক্ষ্যে ডিআরটিসি/আইআরটিসির মাধ্যমে ১৭০০ মে.টন বোরো' ২০ সিন্ধুচালের চলাচল সূচি জারির অনুমোদন প্রদান।

সূত্র: আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুর এর ০৬/০৭/২০২০ খ্রিঃ তারিখের  
১৩.০১.০০০০.২৬২.৫০.০০২.২০-১১ নং স্মারক।

উপর্যুক্ত বিষয়ে প্রেক্ষিতে জানানো যাচ্ছে, চলমান সংগ্রহের স্বার্থে খালি জায়গা সৃষ্টির লক্ষ্যে গাইবান্ধা জেলার বিভিন্ন এলএসডি হতে সদ্য সংগ্রহীত বোরো' ২০২০ সিন্ধু চাল স্থানান্তর করা আবশ্যিক। সংগ্রহের স্বার্থে খালি জায়গা সৃষ্টির লক্ষ্যে গাইবান্ধা জেলা হতে সদ্য সংগ্রহীত বোরো' ২০২০ সিন্ধু চাল বিভাগের বাহিরে স্থানান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুর কর্তৃক সূত্রস্থ স্মারকে অনুরোধ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে গাইবান্ধা জেলায় সংগ্রহের স্বার্থে খালি জায়গা সৃষ্টির লক্ষ্যে মজুত বিবেচনায় গাইবান্ধা সদর এলএসডিতে ৭০০ মে.টন এবং গোলাপবাগ ও মহিমাগঞ্জ এলএসডি হতে সান্তাহার সিএসডিতে ১০০০ মে.টনসহ মোট ১৭০০ মে.টন সংগ্রহীত বোরো' ২০ সিন্ধু চাল ডিআরটিসি/আইআরটিসির মাধ্যমে স্থানান্তরের অনুমোদন নিম্নোক্তভাবে নির্দেশক্রমে প্রদান করা হলো।

**সারণি-১ : গাইবান্ধা জেলা হতে গাইবান্ধা সদর এলএসডি ও সান্তাহার সিএসডিতে সিন্ধু চালের চলাচল সূচির পূর্বানুমোদন এর প্রস্তাব**

ক্র. নং	প্রেরক জেলা	প্রেরণ কেন্দ্র	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পণ্য	রুট	মন্তব্য
১.	গাইবান্ধা	বোনারপাড়া এলএসডি	গাইবান্ধা	গাইবান্ধা এলএসডি	৭০০	বোরো' ২০ সিন্ধু চাল	সড়ক পথ	জেখানি, গাইবান্ধা আইআরটিসি ও আখানি, রংপুর ডিআরটিসি, জারি করবেন।
২.	ঐ	গোলাপবাগ এলএসডি	বগুড়া	সান্তাহার সিএসডি	৫০০	ঐ	ঐ	
৩.	ঐ	মহিমাগঞ্জ এলএসডি	ঐ	ঐ	৫০০	ঐ	ঐ	
					মোট =	১৭০০		

**অনুসরণীয় নির্দেশনাঃ**

(১) পূর্বানুমোদনের আওতায় চালের খামাল গঠন হওয়ার পর তদারককারী কর্মকর্তা কর্তৃক এলএসডি'র মজুত যাচাই ও কারিগরি খাদ্য পরিদর্শক কর্তৃক খামাল সার্ভের্পুর্বক বিনির্দেশ সম্পন্ন বিশ্লেষণ প্রতিবেদন জারির পর


পর্যায়ক্রমে সূচি জারি করতে হবে।

(২) 'খাদ্যশস্য প্রেরণ-প্রাণিকালে করণীয় নির্দেশনা' সম্পর্কিত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর মহোদয় স্বাক্ষরিত ১১/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭-২১১ নং প্রজ্ঞাপন এবং 'এলএসডি'র/সিএসডি'র সর্বোচ্চ ধারণ ক্ষমতা ব্যবহার সম্পর্কিত নির্দেশনা' বিষয়ক ১৮/০৮/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-৩৫৪ নং স্মারকের পত্র কঠোরভাবে অনুসরণ করতে হবে।

(৩) এছাড়া ০৯/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৭.০০২.০৯.৯৯৮ নং স্মারকে অভ্যন্তরীণ খাদ্যশস্য নীতিমালা, ২০১৭ এর ১৩(গ) অনুচ্ছেদ এবং খাদ্য অধিদপ্তরের উল্লিখিত স্মারকে নির্দেশনা অনুযায়ী সকল খাদ্য গুদামে চুক্তিবদ্ধ মিলারকর্তৃক সরবরাহতব্য চালের বস্তার অপর পীঠে ডিজিটাল স্টেপ্সিলের স্পষ্ট ছাপ দেওয়ার জন্য অনুসরণ করতে হবে।

(৪) অত্র পূর্বানুমোদনের আওতায় জারিকৃত সূচি মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮/০৬/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং স্মারকে জারিকৃত নির্দেশনার মোতাবেক Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে জারি করতে হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



৭-৭-২০২০

মোঃ সেলিমুল আজম  
উপ-পরিচালক

প্রাপক :


- ১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রংপুর
- ২) জেলা খাদ্য নিয়ন্ত্রক, গাইবান্ধা।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৫.১৯.৭১১/১(৯)

তারিখ: ২৩ আষাঢ় ১৪২৭  
০৭ জুলাই ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৫) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৬) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ৭) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রাজশাহী
- ৮) জেলা খাদ্য নিয়ন্ত্রক, বগুড়া, রাজশাহী।
- ৯) ব্যবস্থাপক, সান্তাহার সিএসডি, বগুড়া।



৭-৭-২০২০

মোঃ সেলিমুল আজম  
উপ-পরিচালক